# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 23 April, 2025

কুমিল্লার বুড়িচং উপজেলায় ট্রেনে কাটা পড়ে ৩ যুবক নিহত হয়েছে। বুধবার (২৩ এপ্রিল) সকালে সদর রসুলপুর রেলওয়ে স্টেশন থেকে ২ কিলোমিটার উত্তরে মাধবপুর এলাকায় এ ঘটনা ঘটে। বিষয়টি নিশ্চিত করেছেন সদর রসুলপুর স্টেশন ইনচার্জ প্রসেনজিৎ চক্রবর্তী।

স্থানীয় সূত্রে জানা যায়, ভোরে এই তিন যুবককে ঢাকামুখী রেলসড়কে মৃত অবস্থায় দেখতে পাওয়া যায়।পরে পুলিশকে খবর দেওয়া হলে ঘটনাস্থলে পুলিশ আসে।

স্থানীয় প্রত্যক্ষদর্শী সাহেদ বলেন, এটা সকাল ৬ টার ঘটনা। তিনজন যুবকের ১ জনকে মাথাবিহীন অবস্থায় পাওয়া যায়। আর অন্য ২ জনের দেহে তখনও প্রাণ ছিল।কিন্তু, তারা পানি পানি বলে কাতরাচ্ছিল।আমরা দৌঁড়ে পানি আনার আগেই তারা মারা গিয়েছিল।তাদের শরীর ও দ্বিখন্ডিত ছিল।শুধু প্রাণটুকু ছিল, তাও কিছুক্ষণ পরে চলে গেল।

স্টেশন ইনচার্জ প্রসেনজিৎ চক্রবর্তী বলেন, স্থানীয়দের মাধ্যমে খবর পেয়েছি।লাশগুলো উদ্ধারে ঘটনাস্থলে পুলিশ গিয়েছে।লাশগুলো উদ্ধার করে কুমিল্লায় নেওয়া হবে।

তিনি আরও জানান, ঢাকা থেকে চট্টগ্রামগামী লাইনে ভোরে যে কোনো ট্রেনে এই তিন যুবক কাটা পড়তে পারে।কোন ট্রেনে কাটা পড়ছে বিষয়টি জানার চেষ্টা করা হচ্ছে।নিহতদের পরিচয় এখনো পাওয়া যায়নি।

কুমিল্লা রেলওয়ে স্টেশন নিহত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 13 June, 2025 04:53

URL: https://timestodaybd.com/public/across-the-country/7758071287